

অধিবেশন নং-

অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ সংক্রান্ত কমিটির সভাঃ

স্থানঃ উপজেলা প্রকৌশলীর কার্যালয়

এলজিইডি, গোদাগাড়ী, রাজশাহী।






তারিখঃ ১৬/০৬/২০২২ইং।

গোদাগাড়ী উপজেলা পরিষদের জুন/২০২২ইং মাসের অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ সংক্রান্ত

কমিটির সভার কার্যপত্রঃ

১৬/০৬/২০২২ইং তারিখ: সকাল ১১-০০ টায় উপজেলা প্রকৌশলী, এলজিইডি, গোদাগাড়ী, রাজশাহী এর অফিস কক্ষে উপজেলা ভাইস চেয়ারম্যান জনাব মোঃ আব্দুল মালেক, গোদাগাড়ী, রাজশাহী এর সভাপতিত্বে অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ সংক্রান্ত কমিটির জুন/২০২২ইং মাসের সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যপত্র উপস্থাপন করা হলো।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ

ক্রমিক নং	নাম ও পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর
১।	জনাব মোঃ আব্দুল মালেক, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী।	সভাপতি	
২।	চেয়ারম্যান, গোহাম ইউনিয়ন পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী।	সদস্য	
৩।	চেয়ারম্যান, দেওপাড়া ইউনিয়ন পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী।	সদস্য	
৪।	উপজেলা কৃষি অফিসার, গোদাগাড়ী, রাজশাহী।	সদস্য	
৫।	উপজেলা প্রকৌশলী, এলজিইডি, গোদাগাড়ী, রাজশাহী।	সদস্য সচিব	

আলোচ্য সূচী - বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

উপজেলা পরিষদের অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ সংক্রান্ত কমিটির বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়।

আলোচ্যসূচী- বিগত সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা।

কমিটির নাম	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
১	২	৩
অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ	প্রতিবছর অন্যান্য কমিটির বাজেট প্রস্তাব গ্রহণ করে উপজেলা পরিষদের খসড়া বাজেট প্রস্তুত করে তা অনুমোদনের জন্য পেশ করন। ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) প্রকল্পের আওতায় বাস্তবায়নের জন্য স্কীম গ্রহন করা হয়েছে। যাহার তালিকা এতদসঙ্গে সংযুক্ত পরিশিষ্ট (ঘ) দেখানো হইল।	প্রতিবছর অন্যান্য কমিটির বাজেট প্রস্তাব গ্রহণ করে উপজেলা পরিষদের খসড়া বাজেট প্রস্তুত করে তা অনুমোদনের জন্য পেশ করা হয়। ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) প্রকল্পের আওতায় গৃহীত স্কীমসমূহ বাস্তবায়নের প্রক্রিয়া চলিতেছে।

চলমান পাতা-২

পাতা-২

কমিটির নাম	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
১	২	৩
অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ	নির্দিষ্ট সময় অন্তর অন্তর উপজেলা পরিষদের আয় ও ব্যয়ের অভ্যন্তরীণ নিরীক্ষার ব্যবস্থা করা।	নির্দিষ্ট সময় অন্তর অন্তর উপজেলা পরিষদের আয় ও ব্যয়ের অভ্যন্তরীণ নিরীক্ষার ব্যবস্থা করা হয়।
	অডিট টিমকে সহযোগিতা করা এবং অডিট টিমের সুপারিশসমূহের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা।	অডিট টিমকে সহযোগিতা করা এবং অডিট টিমের সুপারিশসমূহের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়।
	উপজেলা পরিষদ ও সরকার প্রদত্ত অন্যান্য সকল কার্যাবলী সম্পাদন করা।	উপজেলা পরিষদ ও সরকার প্রদত্ত অন্যান্য সকল কার্যাবলী সম্পাদন করার ব্যবস্থা গ্রহণ করা হয়।

সভায় উপরোক্ত বিষয়াদি সম্পর্কে বিস্তারিত আলোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হইল।

**সিদ্ধান্তঃ**-সভায় উপরোক্ত বিষয়াদি সম্পর্কে বিস্তারিত আলোচনার পর উল্লেখিত কাজ সমূহ যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হইল।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করিয়া সভার সমাপ্তি ঘোষণা করেন।

সভাপতি

*(স্বাক্ষর)*

অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ সংক্রান্ত কমিটি  
গোদাগাড়ী, রাজশাহী।